

# নতুন শিক্ষাক্রমে প্রশ্নফাঁসের সুযোগ নেই

**মহিবুল হাসান চৌধুরী, শিক্ষামন্ত্রী**

নিজস্ব প্রতিবেদক

০৮ জুলাই ২০২৪, ১২:০০ এএম



শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন, নতুন শিক্ষাক্রমে যেহেতু পরীক্ষা পদ্ধতিতে কম গুরুত্ব দেওয়া হয়েছে, তাই এখানে প্রশ্নফাঁসের কোনো সুযোগ নেই। গতকাল বুধবার রাজধানীতে আয়োজিত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) স্মার্ট স্কুলবাস সার্ভিসের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী মহিবুল বলেন, নতুন শিক্ষাক্রমে একজন শিক্ষার্থীর নির্ধারিত কার্যক্রমকে অবশ্যই সম্পন্ন করতে হবে। এখানে (নতুন শিক্ষাক্রম) কোনো গতি নেই, প্রশ্ন ফাঁস হওয়ারও কোনো বিষয় নেই।

মন্ত্রী আরও বলেন, এটা পাবলিক পরীক্ষা নয়, এটা শ্রেণিকক্ষভিত্তিক পরীক্ষা। সেখানে প্রত্যেক শিক্ষার্থী অংশগ্রহণ করবে। অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থী প্রকাশ করবে তার শিখনফলটি ও লাইন আউটকাম অর্জিত হয়েছে কিনা।

মহিরুল বলেন, এখানে প্রমাণ করার বিষয় নেই, মেধা প্রমাণের বিষয় নেই, শিক্ষক দেখবেন শিক্ষার্থীর শিখনফল অর্জিত হয়েছে কিনা। সেখানে একে অপরের থেকে যদি জানার চেষ্টা করে তাতে সমস্যা নেই। সুতরাং, প্রশ্নফাঁস করলেও সেটির কোনো উপকারিতা নেই। একজন শিক্ষার্থীকে অবশ্যই কার্যক্রমে অংশগ্রহণ করে পারদর্শিতার স্তর অতিক্রম করতে হবে।